Cosmo School

**শ্রেণিঃ সপ্তম**

**বিষয়ঃ বাংলা ১ম পত্র (কাবুলিওয়ালা)**

নিচের জ্ঞানমূলক প্রশ্নগুলোর উত্তর লিখঃ

১। লেখক কী দেখে রহমতকে চিনতে পারলেন?

২। মিনি চিৎকার করে কাকে ডাকতে লাগল?

৩। মিনির ক্ষুদ্র আঁচল কীসে পরিপূর্ণ?

৪। মিনির মা কেমন স্বভাবের লোক ছিলেন?

৫। কাবুলিওয়ালার মেয়েটি কোথায় থাকে?

৬। বাংলাদেশের জাতীয় সংগীত কার লেখা?

৭। রহমত মিনিকে কী বলে ডাকত?

৮। মিনি যে দারোয়ানের কথা বলেছে তার নাম কী?

৯। কাবুলিওয়ালার নাম কী?

১০। ‘দুহিতা’ শব্দের অর্থ কী?

নিচের অনুধাবনমূলক প্রশ্নগুলোর উত্তর লিখঃ

১. রহমতের কারাদ- হয়েছিল কেন?

২. কাবুলিওয়ালা মিনিকে স্নেহ করত কেন?

৩. কারাগার থেকে মুক্তি পেয়েই রহমত কেন মিনির সাথে দেখা করতে এসেছিল?

৪. মিনি কেমন স্বভাবের মানুষ? ব্যাখ্যা কর।

নিচের অনুচ্ছেদটি পড় এবং সৃজনশীল প্রশ্নগুলোর উত্তর দাওঃ

সুন্দরবনে বাড়ি সোহেল মিয়ার। এলাকার কাজ-কর্মের অভাব ঘটলে চলে আসে মনিরাদের বাড়িতে। বছরের একটা নির্দিষ্ট সময় সে মনিরেদের বাড়িতে কাটাত। এভাবে কয়েকবার আসতেই একটা নির্ভরতার সম্পর্ক তৈরি হয়। একবার সে স্ত্রী-সন্তান নিয়ে বেড়াতে আসে। সঙ্গে করে নিয়ে আসে সুন্দরবনের মধু, সাগরের কিছু মাছ আর ফলমূল। দুদিন অবস্থানের পর ফিরে যাওয়ার সময় মনিরার বাবা তার হাতে কিছু টাকা ধরিয়ে দেন। কিন্তু সোহেল মিয়া টাকাটা ফেরত দিতে দিতে বলে- "ভাই আপনার এখানে কাজ করে সংসারে সচ্ছলতা ফিরেছে। আপনার অসীম দয়া, তবে এই টাকাটা আমি নিতে পারব না। আমি আপনার এই ছোট মেয়েটাকে ভালোবাসে এগুলো নিয়ে এসেছি, অন্য কারণে নয়।"

ক) 'দুহিতা' শব্দের অর্থ কী?

খ) কাবুলিওয়ালা মিনিকে স্নেহ করত কেন?

গ) উদ্দীপকের সোহেল মিয়ার সঙ্গে 'কাবুলিওয়ালা' গল্পের কোন চরিত্রের মিল রয়েছে? ব্যাখ্যা কর।

ঘ) 'উদ্দীপকটি 'কাবুলিওয়ালা' গল্পের সমগ্র ভাবকে ধারণ না করলেও বিশেষ দিকের নির্দেশক'- মন্তব্যটি বিশ্লেষণ কর।

বহুনির্বাচনি প্রশ্নঃ

১. 'কাবুলিওয়ালা' গল্পে মিনিরি বয়স কত ছিল?

খ) চার বছর খ) পাঁচ বছর গ) ছয় বছর ঘ) সাত বছর

২. কে এক দন্ড কথা না কহিয়া থাকিতে পারেনা?

খ) লেখক খ) কাবুলিওয়ালা গ) মিনিরি মা ঘ) মিনি

৩. কাককে কৌয়া বলেছিল কে?

ক) মিনি খ) মিনির মা গ) কাবুলিওয়ালা ঘ) রামদয়াল দারোয়ান

৪. 'কাবুলিওয়ালা' গল্পের লেখক সকাল বেলায় নভেলের কততম পরিচ্ছেদে হাত দিয়েছিল?

ক) একাদশ খ) দ্বাদশ গ) ষষ্ঠদশ ঘ) সপ্তদশ

৫. কাবুলিওয়ালার নাম কী ছিল?

ক) রামদয়াল খ) রহমান গ) রহিম ঘ) রহমত

৬. রহমতের কাছে রামপুরী চাদরের জন্য কিঞ্চিৎ ধারিত কে?

ক) লেখক খ) মিনি গ) দারোয়ান ঘ) লেখকের প্রতিবেশী

৭. রহমতের মুখ কৌতুকহাস্যে প্রফুল্য হইয়া উঠিল কেন?

ক) লেখকের কথা শুনে খ) দারোয়ানের কথা শুনে

গ) পাহারাওয়ালাদের কথা শুনে ঘ) মিনির ডাক শুনে

৮. লেখকের ঘরে কিসের সানাই বাজিতেছে?

ক) দারোয়ানের বিবাহের খ) লেখকের বিবাহের

গ) মিনির বিবাহের ঘ) কাবুলিওয়ালার বিবাহের

৯. রহতমতের কারাদন্ড হয়েছিলো-

ক) ৩ বছরের খ) ৫ বছরের গ) ৭ বছরের ঘ) কয়েক বছরে

১০. ‘লড়কী’ শব্দের অর্থ কি?

ক) মেয়ে খ) বোন গ) নাতনি ঘ) ভাগ্নি

১১. ‘অন্তঃপুর’ দ্বারা কী বোঝানো হয়েছে?

ক) বাড়ির সামনের অংশ খ) বাড়ির আঙিনা

গ) বাড়ির পিছনের দিক ঘ) বাড়ির ভিতরের অংশ

১২. আফগানিস্তানের মরু পর্বতের আবহাওয়া কেমন?

ক) গরম খ) উষ্ণ গ) আর্দ্র ঘ) রুক্ষ

১৩. কাবুলিওয়ালার গায়ের কাপড় কেমন ছিল?

ক) পাতলা খ) ছোট গ) পরিষ্কার ঘ) ময়লা ঢিলা

১৪. ‘খোবানি’ বলতে কী বুঝায়?

ক) টক জাতীয় ফল খ) মিষ্টি জাতীয় ফল

গ) বাদাম জাতীয় ফল ঘ) আঙুর জাতীয় ফল

১৫. ছোটদের জন্য রবীন্দ্রনাথের বিভিন্ন রচনা কী নামে সংকলিত হয়েছে?

ক) সঞ্চয়িতা খ) গল্প মঞ্জুরী গ) কৈশোরক ঘ) শিশু

Subject Teacher

Sharin Sultana Mouly

Cosmo School

**শ্রেণিঃ সপ্তম**

**বিষয়ঃ বাংলা ১ম পত্র (লখার একুশে)**

নিচের জ্ঞানমূলক প্রশ্নগুলোর উত্তর লিখঃ

১। শান শব্দের অর্থ কী?

২। 'লখার একুশে' গল্পের লেখক কে?

৩। 'আমার ভাইয়ের রক্তে রাঙানো একুশে ফেব্রুয়ারী গানটির রচয়িতা কে?

৪। লখা রাতে কোথায় ঘুমায়?

৫। লখার পায়ে কীসের কাঁটা ফুটল?

৬। রেললাইনকে লখার কী মনে হয়?

৭। লখার মা কী কাজ করেন?

৮। লখা কখন খিদে ও কষ্ট ভুলে যায়?

৯। কী দেখলে লখার বুক কেঁপে ওঠে?

১০। লখার শরীরে কোন স্থানে খচ করে কাঁটা ঢুকে গেল?

নিচের অনুধাবনমূলক প্রশ্নগুলোর উত্তর লিখঃ

১। লখা হাতের মুঠোটাকে শক্ত করে নিল কেন?

২। 'গর্বে বুক ভরে ওঠে লখার' - কেন? বুঝিয়ে লেখ।

৩। লখার বুকে কাশি জমে কেন?

৪। ‘লখা ভারি মজার দুষ্টু ছেলে’ - কেন? বুঝিয়ে দাও।

নিচের অনুচ্ছেদটি পড় এবং সৃজনশীল প্রশ্নগুলোর উত্তর দাওঃ

প্রতি বছর কবিতা শহিদ মিনারটাকে হাত বুলিয়ে যায়। নীল আকাশ, সবুজ মাঠ, কৃষ্ণচূড়া ফুল কিছুই দেখতে পায় না সে। কারণ কবিতা যে জন্মান্ধ। তবে পাখির কূজন শুনে, বাতাসের অনুভব পায় ফুলের ঘ্রাণে। কবিতা যায় প্রকৃতির অজানা, অদেখা রাজ্যে। মুক্তিযোদ্ধা দাদু তার বন্ধু। দাদুর কাছ থেকে কবিতা ৫২, ৬২, ৬৯, ৭১-এর গল্প শুনে, মনের রঙে আঁকে মিছিল, প্রতিবাদ ও সংগ্রামের ছবি। কবিতার হাতে ফুল। সে এগিয়ে যায়। শহিদ মিনারে হাত বুলায়। নিজের মতো করে শহিদদের শ্রদ্ধা জানায়। এ দেশটাকে আশা না দেখলেও দেশটাকে সে তার অন্তরেই স্থান দিয়েছে।

ক) লখার পায়ে কীসের কাঁটা ফুটল? ১

খ) ‘সেদিন সকালে ছিল বড় আশ্চর্য সুন্দর- এখানে কোন দিনের সকালের কথা বলা হয়েছে? বুঝিয়ে লেখ।

গ) উদ্দীপকটির সাথে ‘লখার একুশে’ গল্পের কোন দিকটির সাদৃশ্য আছে? চিহ্নিত কর।

ঘ) ‘প্রেক্ষাপটে ভিন্নতা থাকলেও লখা ও কবিতার মধ্যে চেতনাগত সাদৃশ্য আছে’- উক্তিটি বিশ্লেষণ কর।

বহুনির্বাচনি প্রশ্নঃ

১. ‘লখার একুশে’ গল্পটিতে কোন বিষয়টি ফুটে উঠেছে?

ক) ভাষাশহিদদের প্রতি শ্রদ্ধা

খ) মুক্তিযুদ্ধের প্রতি শ্রদ্ধা

গ) বঞ্চিত শিশুদের জীবনসংগ্রাম

ঘ) ভাষা আন্দোলনের স্মৃতি

২. ‘লখার একুশে’ গল্পের রচয়িতা কে?

ক) আবুবকর সিদ্দিক খ) কায়কোবাদ

গ) আবু জাফর ঘ) জহির রায়হান

৩. ‘শান’ অর্থ কী?

ক) গোসল খ) আলো গ) পাথর ঘ) রশ্মি

৪. লখা কখন তার খিদের কষ্ট ভুলে যায়?

ক) ঘুমুতে পারলে খ) মাকে কাছে পেলে

গ) খেলার সঙ্গী পেলে ঘ) প্রভাব ফেরির গান শুনলে

৫. লখার রাতে বিছানা কোনটি?

ক) দোকানের সামনে বেঞ্চি

খ) ফুটপাতের কঠিন শান

গ) রেললাইনের কাঠের স্লিপার

ঘ) বস্তির নোংরা বিছানা

৬। ‘লখার রাতের বিছানা ফুটপাতের কঠিন শান।’ – বাক্যটিতে মূলত কী প্রকাশিত হয়েছে?

ক) পিতৃহীনতা খ) নিরক্ষরতা গ) মূর্খতা ঘ) দারিদ্রতা

৭. লখা কাকে দেখেনি এবং চেনে না?

ক) মাকে খ) মামাকে গ) বাবাকে ঘ) দাদাকে

৮. লখা কখন খিদে ও কষ্ট ভুলে যায়?

ক) মাকে কাছে পেলে খ) ঘুমুতে পারলে

গ) খেলার সঙ্গী পেলে ঘ) প্রভাতফেরির গান শুনলে

৯. লখার মা কেমন করে ঘুমাচ্ছিল?

ক) নাক ডেকে খ) মুখ হাঁ করে

গ) মরা সাপের মতো খ) কুম্ভকর্ণের মতো

১০. সাহিত্যিক আবুবকর সিদ্দিক কত খ্রিষ্টাব্দে জন্মগ্রহণ করেন?

ক) ১৯৩৩ খ্রিষ্টাব্দ খ) ১৯৩৪ খ্রিষ্টাব্দ

গ) ১৯৩৫ খ্রিষ্টাব্দ ঘ) ১৯৩৬ খ্রিষ্টাব্দ

১১. 'বারুদ পোড়া প্রহর' গ্রন্থটি কার লেখা?

ক) কাজী নজরুল ইসলাম খ) আবুবকর সিদ্দিক

গ) রবীন্দ্রনাথ ঠাকুর গ) মামুনুর রশীদ

১২. আবুবকর সিদ্দিক কোন বিশ্ববিদ্যালয়ে অধ্যাপনা করেন?

ক) ঢাকা বিশ্ববিদ্যালয় খ) চট্টগ্রাম বিশ্ববিদ্যালয়

গ) রাজশাহী বিশ্ববিদ্যালয় ঘ) জাহাঙ্গীরনগর বিশ্ববিদ্যালয়

১৩. 'শিশিরে ভেজা তুলতুলে' জিনিসটি কী?

ক) ফুল খ) খেঁকশিয়াল গ) কাঠবেড়ালি ঘ) শহিদ মিনার

১৪. লখা কনুই ও বুকে হাত দিয়ে কী টের পায়?

ক) উত্তেজনায় থরথর　　　খ) টাটকা রক্ত

গ) জ্বরের লক্ষণ　　　ঘ) অল্প অল্প শীত

**১৫. পথে পথে মিছিলে শত শত মানুষের হাতে কী?**

ক) লাঠি-সোঁটা　　　খ) পতাকা

গ) ফুলের গুচ্ছ　　　ঘ) অ-আ-ক-খ

Subject Teacher

Sharin Sultana Mouly

Cosmo School

**শ্রেণিঃ সপ্তম**

**বিষয়ঃ বাংলা ১ম পত্র (মরুভাস্কর)**

নিচের জ্ঞানমূলক প্রশ্নগুলোর উত্তর লিখঃ

১। হযরত মুহাম্মদ (স.) কোন ক্ষেত্রে বজ্রের মতো কঠোর ছিলেন?

২। হবীবুল্লাহ্ বাহার কত সালে জন্মগ্রহণ করেন?

৩। কোনো কিছু মুখস্থ না করাকে আরবের লোকেরা কী মনে করতেন?

৪। হযরত মোস্তফা (স.) কত বছর বেঁচে ছিলেন?

৫। হযরতের ঘরে কী পাতার বিছানা ছিল?

৬। হযরত মুহাম্মদ (স.)- এর দাইমার নাম কী?

৭। হযরত মুহাম্মদ (স.)- এর ভৃত্য কত বছর ধরে তার চাকরি করেছেন?

৮। হযরত মুহাম্মদ (স.)- এর কন্যার নাম কী?

৯। 'মরু-ভাস্কর' শব্দের অর্থ কী?

১০। হযরত মুহাম্মদ (স.) কিসের ওপর সব সময় জোর দিয়েছেন?

নিচের অনুধাবনমূলক প্রশ্নগুলোর উত্তর লিখঃ

১। মুহম্মদ (সাঃ) এর চরিত্র কীভাবে কোমল আর কঠোরের সংমিশ্রণ হয়েছিল? ব্যাখ্যা কর।

২। মুহম্মদ (সাঃ) কে কেন "মরু-ভাস্কর" বলা হয়েছে?

৩। হযরত মুহম্মদ (সাঃ) ক্রীতদাসদের পরিত্রানের ব্যবস্থা করেছেন কেন?

৪। মানুষের প্রতি হযরত মুহাম্মদ (স) এর আচরণ কীরূপ ছিল?

নিচের অনুচ্ছেদটি পড় এবং সৃজনশীল প্রশ্নগুলোর উত্তর দাওঃ

এক বুড়ি নবী করিম (স.) কে নানাভাবে কষ্ট দিত। নবী করিম (স.) যে পথ দিয়ে যাতায়াত করত সেই পথে কাঁটা ফেলে রাখত, সেই কাঁটা নবী করিম (স.) -এর পায়ে ফুটলে বুড়ি খিলখিল করে হাসত। ঐ বুড়ির অসুখের সময় রাসূল (স.) তাকে সেবা শুশ্রুষা করেন এবং চিকিৎসা ও পথ্য দিয়ে সুস্থ করে তোলেন। নবী করিম (স.)-এর এ আচরণে বুড়ি মুগ্ধ হয়ে ইসলাম ধর্ম গ্রহণ করেন।

ক) 'মরু-ভাস্কর' শব্দের অর্থ কী?

খ) 'এদের জ্ঞান দাও প্রভু এদের ক্ষমা কর।' উক্তিটি ব্যাখ্যা কর।

গ) উদ্দীপকের ঘটনার সাথে 'মরু-ভাস্কর' গল্পের কোন দিকটির মিল আছে? ব্যাখ্যা কর।

ঘ) 'উদ্দীপকে প্রতিফলিত চরিত্রের বৈশিষ্ট্যটি হযরত মুহাম্মদ (স.) এর গুণের প্রতিফলন মাত্র, তাঁর সম্পূর্ণ পরিচয় নয়'- যথার্থতা মূল্যায়ন কর।

বহুনির্বাচনি প্রশ্নঃ

১. হযরত মুহাম্মদ (স.)- এর জীবনের যাবতীয় তথ্য কেমন?

ক) বাস্তব খ) অবাস্তব

গ) কাল্পনিক ঘ) ঐতিহাসিক

৩. হযরত মুহাম্মদ (স.) মানবজাতির কী?

ক) ইতিহাস খ) গৌরব

গ) অহংকার ঘ) পথপ্রদশর্ক

৪. হযরত মুহাম্মদ (স.) কেমন জীবনযাপন করতেন?

ক) কঠোর খ) অনাড়ম্বর

গ) আড়ম্বর ঘ) বিলাসবহুল

৫. ‘আমীর আলী’ গ্রন্থের রচয়িতা কে?

ক) কাজী নজরুল ইসলাম খ) আবুবকর সিদ্দিক

গ) হবীবুল্লাহ্ বাহার ঘ) জসীমউদ্দীন

৬. হযরত মুহাম্মদ (স.) কোন ক্ষেত্রে বজ্রের মতো কঠোর ছিলেন?

ক) গভীর আত্মবিশ্বাসে খ) নারীর মর্যাদা রক্ষায়

গ) সত্য ও সংগ্রামের চেতনায় ঘ) সাম্যের প্রচার ও প্রতিষ্ঠায়

৭. ‘এদের জ্ঞান দাও প্রভু- এদের ক্ষমা কর’- উক্তিটির মধ্য দিয়ে হযরত মুহাম্মদ (স.) এর চরিত্রের কোন বৈশিষ্ট্যটি প্রাধান্য পেয়েছে?

ক) ক্ষমা ও মহানুভবতা খ) দয়া ও করুণা

গ) প্রেম ও ভালোবাসা ঘ) বাৎসল্য ও ন্যায়বিচার

৮. ‘কারুর জন্ম বা মৃত্যুতে চন্দ্র-সূর্যে গ্রহণ লাগতে পারে না’- উক্তিটির মধ্য দিয়ে হযরতের কোন ধরনের মনোভাব প্রকাশ পেয়েছে?

ক) সাম্যবাদিতার খ) মানবপ্রেমের

গ) সংস্কারমুক্তির ঘ) দৃঢ়বিশ্বাসের

৯. হবীবুল্লাহ্ বাহার কার ‘ভক্ত শিষ্য’ ছিলেন?

ক) নজরুলের খ) রবীন্দ্রনাথের

গ) জীবনানন্দের ঘ) জসীমউদ্দীনের

১০. হবীবুল্লাহ্ বাহার কত সালে জন্মগ্রহণ করেন?

ক) ১৯০৬ খ) ১৯৬৪ গ) ১৯০৮ ঘ) ১৯০৯

১১. হবীবুল্লাহ্ বাহার কোন জেলায় জন্মগ্রহণ করেন?

ক) নোয়াখালী জেলায় খ) চাঁদপুর জেলায়

গ) ফেনী জেলায় ঘ) চট্টগ্রাম জেলায়

১২. হবীবুল্লাহ্ বাহার কত সালে মৃত্যুবরণ করেন?

ক) ১৯৬২ খ) ১৯৬৪ গ) ১৯৬৬ ঘ) ১৯৬৮

১৩. মানুষের জীবনে কারা লাবণ্য ফুটিয়েছেন?

ক) মহামানবরা খ) ভালো মানুষেরা

গ) মহাপুরুষেরা ঘ) ধনী মানুষেরা

১৪. কাদের স্মৃতিশক্তি ছিল অসাধারণ?

ক) নবিদের খ) নবিদের পরিবারের লোকদের

গ) মহাপুরুষদের ঘ) আরবের লোকদের

১৫. হযরত মোস্তফা (স.) কিসের গৌরব?

ক) পৃথিবীর গৌরব　　খ) মানুষের গৌরব

গ) মানবতার গৌরব　　ঘ) ধর্মের গৌরব

Subject Teacher

Sharin Sultana Mouly

Cosmo School

**শ্রেণিঃ সপ্তম**

**বিষয়ঃ বাংলা ১ম পত্র (শব্দ থেকে কবিতা)**

নিচের জ্ঞানমূলক প্রশ্নগুলোর উত্তর লিখঃ

১। হুমায়ুন আজাদ কোন জেলায় জন্মগ্রহণ করেন?

২। হুমায়ুন আজাদ ঢাকা বিশ্ববিদ্যালয়ের কোন বিভাগে অধ্যাপনা করেছেন?

৩। কবিতা লিখতে হলে প্রথমেই কী জানতে হবে?

৪। কবিরা কিসের মতো সুন্দর কথা বলেন?

৫। ফুলের মতো কবিতা ও নূপুরের শব্দের মতো ছড়া বানাতে চাইলে কিসের খেলা খেলতে হবে?

৬। ছোট বয়সে বুকে ভাব জমানো হলে আমাদের কোনটি বাড়বে?

৭। স্বপ্নের ব্যবহার বেশি হয় কোথায়?

৮। 'চমকপ্রদ' শব্দের অর্থ কী?

৯। 'শব্দ থেকে কবিতা' প্রবন্ধে লেখক যে কবিতাটি লিখেছেন তার নাম কী?

১০। 'মুশকিল' শব্দের অর্থ কী?

নিচের অনুধাবনমূলক প্রশ্নগুলোর উত্তর লিখঃ

১) কবিতায় সব সময় নতুন কথা বলতে হবে কেন?

২) 'কবিতার জন্য দরকার শব্দ- রংবেরং এর শব্দ'-বুঝিয়ে লিখ।

৩) যার চোখে স্বপ্ন নেই সে কবি হতে পারে না কেন?

নিচের অনুচ্ছেদটি পড় এবং সৃজনশীল প্রশ্নগুলোর উত্তর দাওঃ

সুমন স্যার সপ্তম শ্রেণির বাংলা ক্লাসে ছাত্রছাত্রীদের বলেন, সাহিত্যের একটি অন্যতম শাখা হলো প্রবন্ধ। প্রবন্ধে কোনো চরিত্র থাকে না। প্রাবন্ধিক কোনো নির্দিষ্ট বিষয়ে তার ভাবনা বা মতামত এখানে ব্যক্ত করেন। যুক্তিতর্ক ও বিচার বিশ্লেষণের সমন্বয়েই রচিত হয় সার্থক প্রবন্ধ।

ক) 'লাল নীল দীপাবলি' বইটি কার লেখা?

খ) কবিতায় সব সময় নতুন কথা বলতে হবে কেন?

গ) উদ্দীপকের বক্তব্য অনুসারে কবিতা ও প্রবন্ধের মধ্যকার পার্থক্য 'শব্দ থেকে কবিতা' প্রবন্ধের আলোকে ব্যাখ্যা কর।

ঘ) 'কবিতায় যুক্তিতর্ক থাকে না'- উদ্দীপক ও 'শব্দ থেকে কবিতা' প্রবন্ধের আলোকে উক্তিটির সার্থকতা যাচাই কর।

বহুনির্বাচনি প্রশ্নঃ

১. লেখকের মতে কোনটাকে কবিতা বলা যায়?

খ) যা পড়লে মনের ভেতর ছবি জমা হয়

খ) যা পড়লে মনের ভেতর স্বপ্ন জেগে ওঠে

গ) যা পড়লে মনের ভেতর আবেগ তৈরি হয়

ঘ) যা পড়লে মনের ভেতর মন জেগে ওঠে

২. কবিতায় কোনটির যথাযথ ব্যবহারের ওপর বেশ জোর দিতে হবে?

ক) শব্দ খ) স্বপ্ন গ) যতিচিহ্ন ঘ) ঐতিহ্য

৩. 'দোকানি' তার দোকানে কোন ফুলের মুখের রুপ বিক্রি করবে?

ক) গন্ধরাজ খ) সূর্যমুখী গ) পারুল ঘ) গোলাপ

৪. কে কবি হতে পারে না?

ক) যার মনে রাগ নেই

খ) যার কোনো স্মৃতি নেই

গ) যার মনে স্বপ্ন নেই

ঘ) যার অন্য চিন্তা আছে

৫. কবি কাকে আদর করে সুখ পান?

ক) ধ্বনি খ) জ্ঞান গ) শব্দ ঘ) বাক্য

৬. কবিরা কিসের মতো সুন্দর কথা বলেন?

ক) কৃষ্ণচূড়া খ) গোলাপ

গ) মল্লিকা ঘ) হাসনাহেনা

৭. হুমায়ুন আজাদ কোন বিশ্ববিদ্যালয়ে অধ্যাপনা করেছেন?

ক) রাজশাহী বিশ্ববিদ্যালয়

খ) ঢাকা বিশ্ববিদ্যালয়

গ) জাহাঙ্গীরনগর বিশ্ববিদ্যালয়

ঘ) চট্টগ্রাম বিশ্ববিদ্যালয়

৮. হুমায়ুন আজাদের গ্রামের নাম কী?

ক) নিশীপুর খ) ভূয়াপুর

গ) রাড়িখাল ঘ) ঘাটাইল

৯. কবিতা লিখতে হলে প্রথমেই কী জানতে হবে.

ক) কবির মতিগতি খ) কবিতার বিষয়

গ) নানান রকমের শব্দ ঘ) বাক্যের গঠনরীতি

১০. হুমায়ুন আজাদ কত সালে মারা যান?

ক) ১৯৯৭ খ) ১৯৯৯ গ) ২০০০ ঘ) ২০০৪

১১. যারা কবিতা লেখেন তাদের কী বলা হয়?

ক) কাব্য খ) কবিতা গ) কবি ঘ) কবিতাকার

১২. কবিতায় স্বপ্নে কীসের ছন্দের কথা বলা হয়েছে?

ক) কবিতার খ) কবির গ) শব্দের ঘ) নাচের

১৩. লেখক ছোট বয়সে সবাইকে কী করার কথা বলেছেন ?

ক) দেখার খ) শোনার গ) জানার ঘ) খেলার

১৪. কবিতা পড়লে মন কেমন করে?

ক) নেচে ওঠে খ) আকু-পাকু করে

গ) অস্থির হয়ে ওঠে ঘ) বিদ্রোহী হয়ে ওঠে

১৫. যা পড়লে মনের ভেতর স্বপ্ন জেগে ওঠে তাকে কী বলা হয়?

ক) কবি খ) কবিতা গ) ছন্দ ঘ) ছড়া

Subject Teacher

Sharin Sultana Mouly

Cosmo School

## শ্রেণিঃ সপ্তম

## বিষয়ঃ বাংলা ১ম পত্র (পাখি)

নিচের জ্ঞানমূলক প্রশ্নগুলোর উত্তর লিখঃ

১। লীলা মজুমদারের আদি পৈতিক নিবাস কোথায়?

২। 'হলদে পাখির পালক' কার লেখা?

৩। কুমুর কয় মাস শুয়ে শুয়ে গেছে?

৪। লাটু কী রঙের ফুল নিয়ে আসে?

৫। বুনো হাঁসরা কোথায় থেকে এসেছে?

৬। লাটু পাখিটার ডানায় কী লাগিয়ে দেয়?

৭। আন্দামান দ্বীপাঞ্চল কোথায় অবস্থিত?

৮। 'বিঘত' শব্দের অর্থ কী?

৯। কী দেখে কুমু নিজেও সুস্থ হওয়ার প্রেরণা পায়?

১০। কুমুকে কেন তিন মাসের জন্য সোনাঝুরিতে রেখে আসা হয়েছিল?

নিচের অনুধাবনমূলক প্রশ্নগুলোর উত্তর লিখঃ

১। কুমু-লাটুর মনে কোনো সন্দেহ রইল না কেন?

২। কুমুর চোখ ঝাপসা হয়ে আসে কেন?

৩। "হ্যাঁ, ওদের ওই এক চিন্তা"-এখানে কী চিন্তার কথা বলা হয়েছে এবং কেন?

৪। লাটু লেবু গাছের ডালে ঝুড়ি বেঁধে দিল কেন?

নিচের অনুচ্ছেদটি পড় এবং সৃজনশীল প্রশ্নগুলোর উত্তর দাওঃ

গৌতম বুদ্ধ যখন ছোটো ছিলেন তখন একবার এক ডানাভাঙা পাখিকে শুশ্রূষা করে সুস্থ করে তুলেছিলেন। সবাই বলত, তার দয়ার শরীর। তার বন্ধুবান্ধব কপিলাবস্তুর অভিজাত বংশের ছেলেদের মতো তীরধনুক নিয়ে অবলা পশু-পাখিদের প্রাণ বধ করতো। এসবে তিনি কোনো আনন্দ পেতেন না। এসব করাকে তিনি আদৌ পুরুষোচিত কাজ মনে করতেন না। বলতেন, এ যেন ছোট ভাইটির দুঃখ যন্ত্রনায় আনন্দিত হওয়া। তিনি জানতেন কাউকে তীরে বিঁধলে কেমন যন্ত্রনা হয়।

ক) কুমুকে কেন তিন মাসের জন্য সোনাঝুরিতে রেখে আসা হয়েছিল?

খ) উত্তরের দিক থেকে পাখিরা এদেশে উড়ে আসে কেন?

গ) উদ্দীপক ও 'পাখি' গল্পের মধ্যে সাদৃশ্য তুলে ধর।

ঘ) 'গৌতম বুদ্ধের মত মানসিকতা সবাই অর্জন করতে পারলে পৃথিবী সুন্দর হয়ে উঠবে'- উক্তিটি বিশ্লেষণ কর।

বহুনির্বাচনি প্রশ্নঃ

১. লীলা মুজমদারের জন্ম কোথায়?

ক) ঢাকা খ) চট্টগ্রাম গ) কলকাতা ঘ) বরিশাল

২. বিখ্যাত রায় পরিবারে জন্মগ্রহণ করেন কে?

ক) লীলা মজুমদার খ) সুকুমার রায়

গ) সুনির্মল বসু　　　　　　ঘ) মহাদেব সাহা

৩. কুমুর কয় মাস শুয়ে শুয়ে গেছে?

ক) দুই মাস　　খ) তিন মাস　　গ) চার মাস　　ঘ) পাঁচ মাস

৪. লাটু কী রঙের ফুল নিয়ে আসে?

ক) লাল　　খ) হলুদ　　গ) বেগুণি　　ঘ) সাদা

৫. বুনো হাঁসগুলোর গায়ের রং কী?

ক) ধবধবে সাদা　　খ) সাদা ফিকে ছাই　　গ) হলুদ　　ঘ) কালো

৬. আহত বুনো হাঁসের চোখ দেখতে কেমন?

ক) সাদা কাশফুলের মতো　　খ) নীল আকাশের মতো

গ) কোমল ঘাসের মতো　　ঘ) কালো মখমলের মতো

৭. ছাই রঙের বুনো হাঁসটি কোথায় বসে আছে?

ক) লেবু গাছের পাতার আড়ালে　　খ) পেয়ারা গাছের পাতার আড়ালে

গ) জামগাছের পাতার আড়ালে　　ঘ) দোতলার ছাদে

৮. আহত বুনো হাঁসের কোথায় গুলি লেগেছে?

ক) পায়ে　　খ) ডানায়　　গ) পাখনায়　　ঘ) বুকে

৯. কে কুমুকে হাত-পা চালাতে বলেছে?

ক) ডাক্তার　　খ) দিদিমা　　গ) লাটু　　ঘ) বাবা-মা

১০. পাখিটা ঝুড়িতে বসে কালো ঠোঁট দিয়ে কী করে?

ক) বাচ্চাকে আদর করে　　খ) গাছের পাতা ছিঁড়ে

গ) বুকের পালক পরিষ্কার করে　　　　　　ঘ) পোকামাকড় ধরে

১১. বুনো হাঁস কী রকম নকশা করে উড়ে গেল?

ক) ধনুকের মতো　　　　　　খ) তীরের মতো

গ) কাস্তের মতো　　　　　　ঘ) বাঁকা চাঁদের মতো

১২. কুমুর কোন অঙ্গ একটু ছোট মনে হলো?

ক) ডান হাত　　খ) বাম হাত　　গ) ডান পা　　ঘ) বাম পা

১৩. কুমু হঠাৎ  কোথায় শোরগোল শুনতে  পেল?

ক) বাড়ির ছাদে　　　　　　খ) বাড়ির বারান্দায়

গ) জানালার বাইরে　　　　　　ঘ) দরজার বাইরে

১৪. বিড়ালকে ঠুকরে দেওয়া দেখে দুটো কাক কী করল?

ক) মজা দেখল　　খ) চিৎকার করল　　গ) উড়ে গেল　　ঘ) ভয় পেল

১৫. কুমু গাছের ডালে কী দেখে চমকে উঠল?

ক) পাখি　　খ) লাটুকে　　গ) সাপ　　ঘ) বিড়াল

Subject Teacher

Sharin Sultana Mouly

Cosmo School

**শ্রেণিঃ সপ্তম**

**বিষয়ঃ বাংলা ১ম পত্র (নতুন দেশ)**

নিচের জ্ঞানমূলক প্রশ্নগুলোর উত্তর লিখঃ

১। শান্তিনিকেতন প্রতিষ্ঠা করেন কে?

২। ‘নতুন দেশ’ কবিতার উদ্দেশ্য কী?

৩। ভাটা বলতে কী বোঝায়?

৪। রবীন্দ্রনাথ ঠাকুর কোথায় ব্যারিস্টারি পড়তে যান?

৫। জলের ধারে কী দাঁড়িয়ে আছে?

৬। নারিকেল বন কোথায় দাঁড়িয়ে?

৭। কোথায় নৌকা বাঁধা?

৮। ‘নতুন দেশ’ কবিতাটি কার লেখা?

৯। পাহাড় চূড়া কোথায় সাজে?

১০। বাংলাদেশের জাতীয় সংগীতের রচয়িতা কে?

নিচের অনুধাবনমূলক প্রশ্নগুলোর উত্তর লিখঃ

১। ‘বাবা কেনো আপিসে যায়/ যায় না নতুন দেশে’ – এই উক্তিটি দ্বারা কী বোঝানো হয়েছে?

২। ‘অমনি করে যাই ভেসে ভাই/ নতুন নগর বনে’- বুঝিয়ে লিখ।

৩। ‘সেখানেতে কেমন মানুষ/ থাকে কেমন বেশে’ চরণটিতে কী প্রকাশ পেয়েছে?

৪। শিশুরা তাদের চারপাশে কী দেখতে চায় এবং কেন**?**

নিচের অনুচ্ছেদটি পড় এবং সৃজনশীল প্রশ্নগুলোর উত্তর দাওঃ

শিহাব ডিসকভারি চ্যানেলের ব্রেয়ার গ্রিল সঞ্চালিত একটি অনুষ্ঠান দেখে আমাজন বন সম্পর্কে জানতে পারে। পৃথিবীর সবচেয়ে বড় ও বিস্ময়কর বন এই আমাজন। নয়টি দেশজুড়ে এর বিস্তার। এখানে রয়েছে নানান প্রজাতির পশুপাখি ও কীটপতঙ্গ। এখানে বাস করে প্রায় দুই লাখ

রেড ইন্ডিয়ান। আমাজন বনের এই বর্ণনা শিহাবের মনে কৌতূহল সৃষ্টি করে। তার মনে পড়ে বাবা তাকে বাংলাদেশের সুন্দরবনের কথা বলেছিল। সুন্দরবন পৃথিবীর একমাত্র ম্যানগোভ বন। এখানে রয়েছে নানান জাতের বৃক্ষ, পশুপাখি। সুন্দরবন থেকে মৌয়ালরা মধু সংগ্রহ করে। তার মনে জাগে সুন্দরবনকে দেখার তীব্র কৌতূহল।

ক. দূর-সাগরপারে জলের ধারে কী আছে?

খ. ‘জানিনা কোন দেশে/পৌঁছে যাবে শেষে’ - ব্যাখ্যা কর।

গ. উদ্দীপকের শিহাবের মধ্যে ‘নতুন দেশ’ কবিতায় কোন  দিকটি ফুটে উঠেছে? ব্যাখা কর।

ঘ. উদ্দীপকের চেতনাই ‘নতুন দেশ’ কবিতার মূল উপজীব্য-এ বিষয়ে তোমার যৌক্তিক মত দাও।

বহুনির্বাচনি প্রশ্নঃ

১. রবীন্দ্রনাথ ঠাকুর কত সালে জন্মগ্রহণ করেন?

ক) ১৮৬০ খ) ১৮৬১

গ) ১৮৬২ ঘ) ১৮৬৩

২. রবীন্দ্রনাথ ঠাকুর কোন পরবিারে জন্মগ্রহণ করেন?

ক) রায় খ) চৌধুরী

গ) বন্দ্যোপাধ্যায় ঘ) ঠাকুর

৩. ব্যারস্টিারি পড়ার জন্য রবীন্দ্রনাথ ঠাকুর কোথায় গিয়েছিলেন?

ক) সিডনি খ) দিল্লি

গ) করাচি ঘ) বিলেতে

৪. ‘শেষের কবিতা’ গ্রন্থরে রচয়তিা কে?

ক) কাজী নজরুল ইসলাম খ) রবীন্দ্রনাথ ঠাকুর

গ) হারুন হাবীব ঘ) সুনির্মল বসু

৫. রবীন্দ্রনাথ ঠাকুর কত সালে নোবেল পুরস্কার পান?

ক) ১৯১২ খ) ১৯১৩

গ) ১৯১৪ ঘ) ১৯১৫

৬. জলের ধারে কী দাঁড়িয়ে আছে?

ক) নতুন নগর খ) পাহাড়-চূড়া

গ) নারকলে বন ঘ) নতুন পশু

৭. শিশুরা জলের ঢেউয়ে কাকে নাচতে দেখে?

ক) জাহাজ খ) নৌকো গ) শাপলা ঘ) পাখি

৮. নৌকোবাঁধা আছে কোথায়?

ক) নদীর ঘাটে খ) বনের মাঝে

গ) সমুদ্রের পাড়ে ঘ) পাহাড়ের চূড়ায়

৯. নৌকো কিসের টানে চলে?

ক) রাতের টানে খ) জোয়ারের টানে

গ) ভাঁটার টানে ঘ) নোঙ্গররে টানে

১০. ভাঁটার টানে নৌকো কোথায় গেছে?

ক) মাঝ নদীতে খ) নদীর ওপারে

গ) অন্য গ্রামে ঘ) সমুদ্রে

১১. নতুন পশু কোথায় দলে দলে ঘুরে?

ক) পাহাড়ে খ) নগরে

গ) বনে ঘ) দ্বীপ

১২. রাত শেষে কী ভেসে যায়?

ক) পাখির ডাক খ) নৌকো

গ) জাহাজ ঘ) মেঘ

১৩. নদীর ঘাটের কাছে কী বাঁধা আছে?

ক) বজরা খ) নৌকো

গ) ভেলা ঘ) ট্রলার

১৪. নতুন দেশ কবিতার কবি কোথায় ভেসে যেতে চায়?

ক) নতুন দেশে খ) নতুন স্থানে

গ) নতুন নগরে ঘ) রঙিন দেশে

১৫. নৌকো কখন ভেসে যায়?

ক) রাতের শেষে খ) দিনের শুরুতে

গ) রাতের শুরুতে ঘ) দিনের শেষে

Subject Teacher

Sharin Sultana Mouly

Cosmo School

**শ্রেণিঃ সপ্তম**

**বিষয়ঃ বাংলা ১ম পত্র (কুলি মজুর)**

নিচের জ্ঞানমূলক প্রশ্নগুলোর উত্তর লিখঃ

১। 'কুলি-মজুর' কবিতাটি কোন কাব্য গ্রন্থের অন্তর্গত?

২। কে কুলিকে ঠেলে নিচে ফেলে দিলো?

৩। কীসে দেশ ছেয়ে গেলো?

৪। দিনে দিনে কী বেড়েছে?

৫। রাজপথে কী চলছে?

৬। যুগ যুগ ধরে কার হাত ধরে মানব সভ্যতা গড়ে উঠেছে?

৭। কবি কুলিকে কোথায় দেখেছেন?

৮। 'কুলি-মজুর' কবিতায় কবি কাদের জয়গান গেয়েছেন?

৯। বাষ্প-শকট চলে কাদের হাড় দিয়ে?

১০। 'গাঁইতি' শব্দের অর্থ কী?

নিচের অনুধাবনমূলক প্রশ্নগুলোর উত্তর লিখঃ

১। কাজী নজরুল ইসলাম কাদের জয়গান করেছেন? কেন?

২। 'কুলি-মজুর' কবিতায় কবি কাদেরকে দুর্বল বলেছেন? কেন?

৩। কার চোখ ফেটে জল এলো? কেন?

৪। কবি কেন কুলি-মজুরদের সাথে দধীচিদের তুলনা করেছেন?

নিচের অনুচ্ছেদটি পড় এবং সৃজনশীল প্রশ্নগুলোর উত্তর দাওঃ

কবি সুভাষ মুখোপাধ্যায় তাঁর 'মে-দিনের কবিতায়' শ্রমজীবী মানুষের অধিকার সম্পর্কে সচেতনতা সৃষ্টি করেছেন। বাস্তবতার প্রেক্ষাপটে রোমান্টিকতার পথ পরিহার করে কবি সংগ্রামের পথে এগিয়ে যাওয়ার আহ্বান করেছেন। শোষক, নির্যাতক-অত্যাচারীর হাত থেকে মানুষের মুক্তির জন্য সংগ্রামের পথ বেছে নিতে বলা হয়েছে তাঁর কবিতায়।

ক. কাজী নজরুল ইসলাম কত সালে জন্মগ্রহণ করেন?

খ. 'দিনে দিনে বহু বাড়িয়াছে দেনা, শুধিতে হইবে ঋণ'-উক্তিটি দিয়ে কী বোঝানো হয়েছে?

গ. উদ্দীপকের কবির চিন্তার সাথে 'কুলি-মজুর' কবিতার কবি নজরুলের চিন্তার সাদৃশ্য ব্যাখ্যা কর।

ঘ. উদ্দীপকটি 'কুলি-মজুর' কবিতার মূলভাব প্রকাশ করে কী না তোমার যুক্তির আলোকে ব্যাখ্যা কর।

বহুনির্বাচনি প্রশ্নঃ

১. 'কুলি-মজুর' কবিতাটি কোন জাতীয় কবিতা?

ক) সাহিত্য বিষয়ক    খ) সমালোচনামূলক

গ) উপদেশমূলক    ঘ) অধিকার চেতনা বিষয়ক

২. 'কুলি-মজুর' কবিতার রচয়িতা কে?

ক) রবীন্দ্রনাথ ঠাকুর   খ) কাজী নজরুল ইসলাম

গ) মহাদেব সাহা   ঘ) জসীমউদ্দীন

৩. ‘কুলি-মজুর’ কবিতাটি কোন গ্রন্থের অন্তর্গত?

ক) অগ্নিবীণা   খ) সাম্যবাদী

গ) সর্বহারা   ঘ) বিশের বাঁশি

৪. কাজী নজরুল ইসলামের ‘কুলি-মজুর’ কবিতাটি পাঠের উদ্দেশ্য কী?

ক) শ্রমজীবীদের গুরুত্ব ও অবদান তুলে ধরা

খ) ধনিক শ্রেণির জয়গান করা

গ) শ্রমজীবী মানুষের বেতন বাড়ানো

ঘ) অন্যায়কে সমর্থন করা

৫. ‘কুলি-মজুর’ কবিতা থেকে আমাদের শিক্ষণীয় কী?

ক) সংগ্রামী চেতনাকে জাগ্রত করা

খ) শ্রমজীবীদের সম্মান করা

গ) কর্মময় জীবন গড়ে তোলা

ঘ) প্রাণচঞ্চল সমাজ নির্মাণ

৬. কাজী নজরুল ইসলাম কবে জন্মগ্রহণ  করেন?

ক) ১৮৯৯ সালের ২২শে মে

খ) ১৮৯৯ সালের ২৩শে মে

গ) ১৮৯৯ সালের ২৪শে মে

ঘ) ১৮৯৯ সালের ২৫শে মে

৭. ‘চুপ রও যত মিথ্যাবাদীর দল’- কাদের বিরুদ্ধে কবি এভাবে ক্ষোভ প্রকাশ করেছে?

ক) মিথ্যাবাদীদের খ) ধনীদের

গ) সুবিধাভোগীদের ঘ) স্বার্থপর সম্পদশালীদের

৮. ‘কুলি-মজুর’ কবিতায় কবি কাদের জয়গান গেয়েছেন?

ক) কুলিদের খ) মজুরদের

গ) শ্রমজীবীদের ঘ) বঞ্চিতদের

৯. ‘দেখিনু সে দিন রেলে’- এ চরণে ‘দেখিনু’ শব্দের প্রকৃত ভাব-

ক) দেখে খ) দেখিয়া

গ) হেরি ঘ) দেখলাম

১০. রেলে কে কাকে নিচে ফেলে দিয়েছিল?

ক) চেকার বাবু সা’বকে খ) বাবু সা’ব কুলিকে

গ) বাবু সা’ব চেকারকে ঘ) কুলি বাবু সা’বকে

১১. ‘এমনি করে কি জগৎ জুড়িয়া মার খাবে দুর্বল- এখানে দূর্বল বলা হয়েছে কাকে?

ক) কৃষককে খ) বাবু সা’বকে

গ) কুলিকে ঘ) দধীচিদের

১২. ‘চুপ রও যত মিথ্যাবাদীর দল’- কাদের বিরুদ্ধে কবি এভাবে ক্ষোভ প্রকাশ করেছে?

ক) মিথ্যাবাদীদের খ) ধনীদের

গ) সুবিধাভোগীদের ঘ) স্বার্থপর সম্পদশালীদের

১৩. ‘কুলি-মজুর’ কবিতায় কবি কাদের জয়গান গেয়েছেন?

ক) কুলিদের খ) মজুরদের

গ) শ্রমজীবীদের ঘ) বঞ্চিতদের

১৪. ‘ঠুলি’ বলতে কী বোঝানো হয়েছে?

ক) মাথার ঢাকনি খ) চোখের ঢাকনি

গ) পায়ের মোজা ঘ) হাতের মোজা

১৫. ‘কুলি-মজুর’ কবিতায় কবির দৃঢ়বিশ্বাস কোনটি?

ক) শ্রমজীবীদের সংঘবদ্ধ উত্থানের দিন এসেছে

খ) শ্রমজীবীদের সুদিন এসেছে

গ) শ্রমজীবীদের কথা বলার দিন এসেছে

ঘ) শ্রমজীবীদের আন্দোলনের সময় এসেছে

Subject Teacher

Sharin Sultana Mouly

Cosmo School

**শ্রেণিঃ সপ্তম**

**বিষয়ঃ বাংলা ১ম পত্র (আমার বাড়ি)**

নিচের জ্ঞানমূলক প্রশ্নগুলোর উত্তর লিখঃ

১। কবি কোন ফুলের গন্ধের কথা বলেছেন?

২। 'আমার বাড়ি' কবিতাটি কার লেখা?

৩। 'আমার বাড়ি' কবিতাটি কোন কাব্যগ্রন্থের অন্তর্গত?

৪। 'আমার বাড়ি' কবিতায় কবি বন্ধুকে কোথায় বসতে দিবেন?

৫। 'আমার বাড়ি' কবিতায় অতিথিকে কী কলা খেতে দেওয়া হয়েছে?

৬। 'আমার বাড়ি' কবিতায় কবি কোন ফুলের মালা গাঁথবেন?

৭। 'আমার বাড়ি' কবিতায় কবি বন্ধুকে কোথায় শুতে দিবেন?

৮। 'আমার বাড়ি' কবিতায় কবি অতিথিকে কী দিয়ে বাতাস করবেন?

৯। বিন্নি ধান কী?

১০। কবি কোন ফুলের হাসির কথা বলেছেন?

নিচের অনুধাবনমূলক প্রশ্নগুলোর উত্তর লিখঃ

১। গামছা-বাঁধা দই বলতে কী বোঝানো হয়েছে?

২। কবি তাঁর বন্ধুকে কীভাবে আপ্যায়ণ করতে চান?

৩। আম-কাঁঠালের বনের ধারে কবি কবি বন্ধুকে শুতে বলেছেন কেন?

৪। কবি বন্ধুকে ‘থামিও তব রথ’ বলার কারণ ব্যাখ্যা কর।

নিচের অনুচ্ছেদটি পড় এবং সৃজনশীল প্রশ্নগুলোর উত্তর দাওঃ

দু’কদম হেঁটে এস মোদের কুটির,

পিলসুজে বাতি জ্বলে মিটির মিটির।

চাল আছে ঢেঁকি ছাঁটা,

রয়েছে পানের বাটা,

কলাপাতা ভরে দেব ঘরে-পাতা দই।

এই দেখ আছে মোর আয়না কাঁকই।

যদি আস একবার, বলি-- মিছা না,

মোদের উঠোনটুকু ঠিক বিছানা।

পিয়াল, পেয়ারা গাছে—

ছায়া করে রহিয়াছে,

ধুঁধুঁলের ঝাঁকা বেয়ে উঠিতেছে পুঁই,

খড়কুটো খুঁজে ফেরে দুষ্টু চড়ুই।

ক) ‘আমার বাড়ি’ কবিতায় হাঁসগুলি কোথায় ভেসে যায়?

খ) ‘আমার বাড়ি যাইও ভোমর’ চরণটি দিয়ে কবি কী বুঝিয়েছেন?

গ) উদ্দীপকের সাথে ‘আমার বাড়ি’ কবিতার কোন দিকটির মিল আছে? ব্যাখ্যা কর।

ঘ) ‘উদ্দীপকের আহ্বান ও আমার বাড়ি কবিতার কবির আহ্বান একই ধারায় উৎসারিত’। মন্তব্যটির যথার্থতা নির্ণয় কর।

বহুনির্বাচনি প্রশ্নঃ

১. আমার বাড়ি কবিতায় কোন বিষয়টি মূর্ত হয়েছে?

ক) গ্রামীণ সমাজচিত্র

খ) সাধারণ মানুষের জীবনচিত্র

গ) কবির (বাঙালির) অতিথি আপ্যায়নের দৃশ্য

ঘ) পল্লির ফলমূলের বর্ণনা

২. নক্সী কাঁথার মাঠ কোন ধরনের রচনা?

ক) গদ্যগ্রন্থ খ) নাটক

গ) গানের বই ঘ) কাহিনি কাব্য

৩. পল্লিকবি নামে খ্যাত কে?

ক) কাজী নজরুল ইসলাম খ) জসীমউদ্দীন

গ) হুমায়ুন আজাদ ঘ) গৌরীপ্রসন্ন মজুমদার

৪. আমার বাড়ি কবিতায় কবি বন্ধুকে কোন ধানের চিঁড়া খেতে দিবেন?

ক) শালি খ) আমন গ) বোরো ঘ) বিন্নি

৫. ‘থামিও তব রথ’ দ্বারা কী বোঝানো হয়েছে?

ক) যাত্রাবিরতি খ) রথ দেখা গ) গন্তব্যে পৌছানো ঘ) রথ চালনা

৬. কবি জসীমউদ্দীনের নাটক নিচের কোনটি?

ক) এক পয়সার বাঁশি খ) সোজন বাদিয়ার ঘাট

গ) বেদের মেয়ে ঘ) নক্সী কাঁথার মাঠ

৭. কবি জসীমউদ্দীনের কবিতায় আমরা কিসের রূপ দেখতে পাই?

ক) আধুনিক শহর খ) রাজনীতি

গ) সাম্যবাদ ঘ) পল্লির মানুষ ও তার প্রকৃতি

৮. কবি জসীমউদ্দীন কত সালে জন্মগ্রহণ করেন?

ক) ১৯০১ খ) ১৯০২ গ) ১৯০৩ ঘ) ১৯০৪

৯. কবি আমার বাড়ি কবিতায় কোন ফলের কথা উল্লেখ করেছেন?

ক) জাম লিচু খ) আম কাঁঠাল

গ) কমলা পেয়ারা ঘ) আনারস বেদানা

১০. কবি জসীমউদ্দীন ভোমরকে কিসের মালা গেঁথে দেবেন?

ক) তারা ফুলের মালা খ) বেলি ফুলের মালা

গ) বকুল ফুলের মালা ঘ) গোলাপ ফুলের মালা

১১. কবি জসীমউদ্দীন ভোমরকে কখন জাগতে বলেছেন?

ক) রাত্রিবেলা খ) বিকেলবেলা গ) দুপুরবেলা ঘ) সকালবেলা

১২. কবি কোন মুখে চাঁদের চুমো দিতে চেয়েছেন?

ক) চাঁদমুখ খ) সোনামুখ গ) রঙিন মুখ ঘ) মলিন মুখ

১৩. নিচের কোন শব্দটি সঠিক?

ক) শালী ধান খ) সালি ধান গ) শালি ধান ঘ) সালী ধান

১৪. কবি জসীমউদ্দীন ভোমরকে কী দিয়ে আপ্যায়ন করাতে চান?

ক) গামছা বাঁধা দই খ) পুকুরের মাছ

গ) শীতের পায়েস ঘ) গ্রামীণ শাকসবজি

১৫. কিসের সান্নিধ্যে অতিথির প্রাণ জুড়াবে?

ক) প্রকৃতির খ) মাঠের গ) শীতের ঘ) স্নিগ্ধ রাতের

Subject Teacher

Sharin Sultana Mouly

Cosmo School

**শ্রেণিঃ সপ্তম**

**বিষয়ঃ বাংলা ১ম পত্র (শোন একটি মুজিবরের থেকে)**

নিচের জ্ঞানমূলক প্রশ্নগুলোর উত্তর লিখঃ

১। স্বাধীন বাংলা বেতার কেন্দ্র থেকে প্রচারিত আলোড়ন সৃষ্টিকারী গান কোনটি?

২। গানটির সুরকার কে ছিলেন?

৩। কবির মতে কার রূপের শেষ নেই?

৪। ‘রূপসী বাংলা’ কাব্যগ্রন্থটি কার লেখা?

৫। পুব আকাশে আবার কী উঠবে?

৬। মুক্তিযুদ্ধের সময় বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান কোথায় ছিলেন?

৭। ‘কফি হাউজের সেই আড্ডাটা’ গানের গীতিকার কে?

৮। ‘বাংলাদেশ’ শিরোনামের প্রথম কবিতাটি কার লেখা?

৯। পাকিস্তান বিরোধী সকল সংগ্রাম-আন্দোলনে সারা দেশে কোন স্লোগান দেয়া হতো?

১০। কত সালে দেশ ভাগ হয়েছিল?

নিচের অনুধাবনমূলক প্রশ্নগুলোর উত্তর লিখঃ

১। কবি বাংলাদেশকে সোনার খনি বলেছেন কেন?

২। ‘শোন একটি মুজিবরের থেকে’ কবিতায় ‘নজরুলের বাংলাদেশ’ বলতে কী বোঝানো হয়েছে?

৩। ‘এবারের সংগ্রাম, স্বাধীনতার সংগ্রাম’ বলার কারণ ব্যাখ্যা কর।

৪। ‘অন্ধকারে পুব আকাশে উঠবে আবার দিনমণি’ বলতে কী বোঝানো হয়েছে?

নিচের অনুচ্ছেদটি পড় এবং সৃজনশীল প্রশ্নগুলোর উত্তর দাওঃ

জয় বাংলা বাংলার জয়।

হবে হবে হবে, হবে নিশ্চয়

কোটি প্রাণ একসাথে

জেগেছে অন্ধরাতে

নতুন সূর্য ওঠার এইতো সময়।

ক) কোন দেশের রুপের কোন শেষ নেই?

খ) ‘একটি মুজিবর’ কথাটি দ্বারা কী বোঝানো হয়েছে?

গ) উদ্দীপকের মধ্যে ‘শোন একটি মুজিবরের থেকে’ কবিতার কোন দিকটি ফুটে উঠেছে? ব্যাখ্যা কর।

ঘ) উদ্দীপকের মধ্যে ‘শোন একটি মুজিবরের থেকে’ কবিতার সম্পূর্ণ ভাব বহন করে কী? স্বপক্ষে যুক্তি দাও।

বহুনির্বাচনি প্রশ্নঃ

৫. ‘শোন একটি মুজিবরের থেকে’ কবিতার রচয়িতা কে?

ক) জসীমউদ্দীন খ) আহসান হাবীব

গ) শামসুর রাহমান ঘ) গৌরীপ্রসন্ন মজুমদার

উত্তর ঃ ঘ) গৌরীপ্রসন্ন মজুমদার

১. গৌরীপ্রসন্ন মজুমদার কত সালে জন্মগ্রহণ করেন?

ক) ১৯২৪ সালে খ) ১৯২৬ সালে

গ) ১৯২৮ সালে ঘ) ১৯৩০ সালে

২. গৌরীপ্রসন্ন মজুমদার কত সালে মৃত্যুবরণ করেন?

ক) ১৯৭৬ সালে খ) ১৯৮৬ সালে

গ) ১৯৯৬ সালে ঘ) ২০০৬ সালে

৩. 'কফি হাউজের সেই আড্ডাটা' গানের গীতিকার কে?

ক) সৈয়দ শামসুল হক খ) রবীন্দ্রনাথ ঠাকুর

গ) গৌরীপ্রসন্ন মজুমদার ঘ) কাজী নজরুল ইসলাম

৪. 'শোন একটি মুজিবরের থেকে' কবিতায় কার কণ্ঠস্বরের ধ্বনির কথা বলা হয়েছে?

ক) মওলানা ভাসানী খ) হোসেন শহীদ সোহরাওয়ার্দী

গ) সৈয়দ নজরুল ইসলাম ঘ) শেখ মুজিবুর রহমান

৫. 'শোন একটি মুজিবরের থেকে' কবিতায় কজন মুজিবরের কণ্ঠস্বরের ধ্বনির কথা বলা হয়েছে?

ক) শত মুজিবর খ) হাজার মুজিবর

গ) লক্ষ মুজিবর ঘ) কোটি মুজিবর

৬. 'শোন একটি মুজিবরের থেকে' কবিতায় কাকে ফিরে পাওয়ার কথা বলা হয়েছে?

ক) হারানো বাংলাকে খ) হারানো পিতাকে

গ) হারানো জননীকে    ঘ) হারানো বন্ধুকে

৭. 'শোন একটি মুজিবরের থেকে' কবিতায় কার সোনার বাংলার কথা বলা হয়েছে?

ক) বিদ্রোহী কবির    খ) বিশ্বকবির

গ) পল্লিকবির    ঘ) লক্ষ মুজিবরের

৮. জীবনানন্দ দাশ বাংলাদেশকে কী বলেছেন?

ক) পল্লিবাংলা    খ) সোনার বাংলা

গ) জয় বাংলা    ঘ) রূপসী বাংলা

৯. 'শোন একটি মুজিবরের থেকে' কবিতায় বাংলাদেশকে কীসের খনি বলা হয়েছে?

ক) কয়লাখনি    খ) রূপার খনি

গ) সোনার খনি    ঘ) লোহার খনি

১০. 'শোন একটি মুজিবরের থেকে' কবিতায় পুব আকাশে কী উঠবে?

ক) দিনমণি    খ) রাতমণি

গ) তারামণি    ঘ) চাঁদমণি

১১. কত সালে দেশবিভাগ হয়েছিল?

ক) ১৯৪৪ সালে    খ) ১৯৪৫ সালে

গ) ১৯৫৬ সালে    ঘ) ১৯৪৭ সালে

১২. পাকিস্তানের অন্তর্ভুক্ত হওয়ার পর বিভক্ত পূর্ব বাংলা কী নামে পরিচিতি পায়?

ক) পূর্ব পাকিস্তান    খ) পশ্চিম পাকিস্তান

গ) বাংলা জনপদ    ঘ) পূর্ব জনপদ

১৩. ‘শোন একটি মুজিবরের থেকে’ গানটি কত সালে লেখা?

ক) ১৯৬৯ খ) ১৯৭০ গ) ১৯৭১ ঘ) ১৯৭২

১৪. ১৯৭১ সালে স্বাধীন বাংলা বেতারকেন্দ্র থেকে কোন গানটি বারবার বাজানো হতো?

ক) নিশিরাত বাঁকা চাঁদ খ) শোন একটি মুজিবরের থেকে

গ) মঙ্গল দীপ জেলে ঘ) আকাশ কেন ডাকে

১৫. বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান ১৯৭১ সালের কত তারিখে ঐতিহাসিক ভাষণ দিয়েছিলেন?

ক) ৫ই মার্চ খ) ৬ই মার্চ গ) ৭ই মার্চ ঘ) ৮ই মার্চ

Subject Teacher

Sharin Sultana Mouly

Cosmo School

**শ্রেণিঃ সপ্তম**

**বিষয়ঃ বাংলা ১ম পত্র (সবার আমি ছাত্র)**

নিচের জ্ঞানমূলক প্রশ্নগুলোর উত্তর লিখঃ

১। কোনটি আমাদের দিলখোলা হওয়ার শিক্ষা দেয়?

২। সুনির্মল বসুর পৈত্রিক নিবাস কোথায় ছিল?

৩। কে কবিকে আপন তেজে জ্বলতে মন্ত্রণা দেয়?

৪। কবির প্রাণে গান জাগায় কে?

৫। কর্ম প্রেরণার বড় উৎস কোনটি?

৬। 'পাততাড়ি' গ্রন্থটি কার রচনা?

৭। সুনির্মল বসু হাসতে শেখেন কার কাছ থেকে?

৮। পাষাণের কাছ থেকে আমরা কোন শিক্ষা পাই?

৯। নদী কবিকে কী শেখায়?

১০। 'শ্যাম-বনানী' শব্দের অর্থ কী?

নিচের অনুধাবনমূলক প্রশ্নগুলোর উত্তর লিখঃ

১। 'কর্মী হবার মন্ত্র আমি বায়ুর কাছে পাইরে' - চরণটি দ্বারা কবি কী বুঝিয়েছেন?

২। কবি সুনির্মল বসুর ভাষায় পাষাণ দীক্ষা দেয় কীভাবে?

৩। কবি আমাদের কীভাবে পথ চলতে বলেছেন?

৪। ‘এই পৃথিবীর বিরাট খাতায়’ - বলতে কবি কী বুঝিয়েছেন?

নিচের অনুচ্ছেদটি পড় এবং সৃজনশীল প্রশ্নগুলোর উত্তর দাওঃ

আমার এ কূল ভাঙিয়াছে যে বা আমি তার কূল বাঁধি,
যে গেছে বুকেতে আঘাত করিয়া তার লাগি আমি কাঁদি।
যে মোরে দিয়েছে বিষে-ভরা গান,
আমি দেই তারে বুকভরা গান,
কাঁটা পেয়ে তারে ফুল করি দান সারাটি জনম-ভর,
আপন করিতে কাঁদিয়া বেড়াই যে মোরে করেছে পর।

ক) পাষাণের কাছ থেকে আমরা কোন শিক্ষা পাই?

খ) কবি বিশ্বকে পাঠশালার সাথে তুলনা করেছেন কেন?

গ) উদ্দীপকের ভাবার্থে ‘সবার আমি ছাত্র’ কবিতার কোন দিকটি উপস্থিত? ব্যাখ্যা কর।

ঘ) ‘উদ্দীপকের কবির চেতনা ‘সবার আমি ছাত্র’ কবিতার কবির চেতনার একটি অংশের প্রতিফলন মাত্র’- মন্তব্যটি যাচাই কর।

বহুনির্বাচনি প্রশ্নঃ

১. সুনির্মল বসু কত সালে জন্মগ্রহণ করেন?

ক) ১৯০০ খ) ১৯০১ গ) ১৯০২ ঘ) ১৯০৩

২. ‘সবার আমি ছাত্র’ কবিতার কবিকে উদার হতে শিক্ষা দেয়-

ক) আকাশ  খ) বাতাস  গ) খোলামাঠ  ঘ) সাগর

৩. ‘সবার আমি ছাত্র’ কবিতায় কবিকে আকাশ কী হতে শিক্ষা দেয়-

ক) মহৎ  খ) কর্মঠ  গ) উদার  ঘ) সহিষ্ণু

৪. কবি সুনির্মল বসু কার কাছ থেকে কর্মী হওয়ার মন্ত্র পেয়েছেন?

ক) বায়ুর  খ) আকাশ  গ) পাহাড়  ঘ) সাগর

৫. ‘সবার আমি ছাত্র’ কবিতায় কবি বায়ুর কাছ থেকে কী হওয়ার মন্ত্র পেয়েছেন?

ক) উদার  খ) উদ্যমী  গ) কর্মী  ঘ) ত্যাগী

৬. কে সুনির্মল বসুকে আপন তেজে জ্বলতে মন্ত্রণা দেয়?

ক) আগুন  খ) সূর্য  গ) চাঁদ  ঘ) দিয়াশলাই

৭. কবি সুনির্মল বসুকে সূর্য কিসের মন্ত্রণা দেয়?

ক) কঠোর হতে  খ) আপন তেজে জ্বলতে

গ) বড় হতে  ঘ) আপন বেগে চলতে

৮. ‘সবার আমি ছাত্র’ কবিতায় আপন বেগে চলতে কে শিক্ষা দেয়?

ক) সমুদ্র  খ) বায়ু  গ) নদী  ঘ) চাঁদ

৯. সুনির্মল বসুকে চাঁদ কী কথা শেখায়?

ক) মধুর কথা বলতে  খ) সত্য কথা বলতে

গ) খাঁটি কথা বলতে  ঘ) সরস কথা বলতে

১০. ‘সবার আমি ছাত্র’ কবিতায় কবিকে কে ইঙ্গিত শিক্ষা দেয়?

ক) আকাশ  খ) বাতাস  গ) সাগর  ঘ) নদী

১১. ‘সবার আমি ছাত্র’ কবিতানুযায়ী আমাদের অন্তর কিসের মতো হোক?

ক) রত্ন আকর খ) ফুলের মতো কোমল

গ) দিল- খোলা ঘ) নির্মল সতেজ

১২. সুনির্মল বসু কার কাছ থেকে সহিষ্ণুতার শিক্ষা পেয়েছেন?

ক) নদী খ) আকাশ গ) মাটি ঘ) ঝরনা

১৩. ‘সবার আমি ছাত্র’ কবিতায় মাটির কাছ থেকে আমরা কী শিখতে পাই?

ক) উদারতা খ) কঠোরতা গ) সহিষ্ণুতা ঘ) স্থিরতা

১৪. কবি সুনির্মল বসুর মতে পাঠশালা কোথায়?

ক) দিল্লি খ) চীন গ) ইরান ঘ) বিশ্বজোড়া

১৫. ‘সবার আমি ছাত্র’ কবিতায় মানুষ কিসের ওপর নির্ভরশীল?

ক) পানি খ) নদী গ) আকাশ ঘ) প্রকৃতি

Subject Teacher

Sharin Sultana Mouly